গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : জেলা মানবিক সহায়তা কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, কুড়িগ্রাম।
তারিখ : ১৯/০৩/২০২৩ খ্রিঃ, সময়ঃ- সকাল-১০.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট "ক")

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান, কুড়িগ্রাম জেলা ০৯টি উপজেলায় ৭৩টি ইউনিয়ন ও ০৩টি পৌরসভা নিয়ে গঠিত। জেলাটি উত্তরবঙ্গের একটি দরিদ্রপীড়িত ও ১৬টি নদ-নদী ও চরবেষ্টিত জেলা। এ পর্যায়ে ২০২২ ২০২৩ অর্থবছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে প্রাপ্ত এবং ১৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ হতে ১৮ মার্চ ২০২৩ তারিখ পর্যন্ত বিভিন্ন মানবিক সহায়তার বিতরণ ও মজুদ বিবরণঃ-

(ক) ত্রাণ কার্য (চাল):-

| ক্রমিক নং | প্রাপ্ত বরাদ্দ (মেঃ টন) | ১৯-০২-২০২৩ তারিখে মজুদ (মেঃটন) | বিতরণ (মেঃ টন) (১৯-০২-২০২৩ খ্রি. হতে ১৮-০৩-২০২৩ খ্রি. পর্যন্ত) | মজুদ (মেঃ টন) | উপকারভোগী (পরিবার সংখ্যা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ৩৫০.০০০ | ৩৪৩.০০০ | ৩.০০০ | ৩৪০.০০০ | ৩০০ | - |

(খ) বিভিন্ন প্রতিষ্ঠান/অনুষ্ঠানের জন্য ত্রাণ কার্য (চাল):-

| ক্রমিক নং | প্রাপ্ত বরাদ্দ (মেঃ টন) | ১৯-০২-২০২৩ তারিখে মজুদ (মেঃটন) | বিতরণ (মেঃ টন) (১৯-০২-২০২৩ খ্রি. হতে ১৮-০৩-২০২৩ খ্রি. পর্যন্ত) | মজুদ (মেঃ টন) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ১০০.০০০ | ৭৩.০০০ | ২২.০০০ | ৫১.০০০ | বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান/প্রতিষ্ঠানে বিতরণ |

(গ) ত্রাণ কার্য (নগদ):-

| ক্র: নং | প্রাপ্ত বরাদ্দ (টাকা) | ১৯-০২-২০২৩ তারিখে মজুদ (টাকা) | বিতরণ (টাকা) (১৯-০২-২০২৩ খ্রি. হতে ১৮-০৩-২০২৩ খ্রি. পর্যন্ত) | ১৮-০৩-২০২৩ তারিখে মজুদ | উপকারভোগী (পরিবার সংখ্যা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ৫,৫০,০০০/- | ৩,২১,০০০/- | ১,০৭,০০০/- | ২,২১,০০০/- | ৩০১ টি | |

(ঙ) ঢেউটিন (বান্ডিল):-

| ক্র: নং | প্রাপ্ত বরাদ্দ (বান্ডিল ও টাকা) | ১৯-০২-২০২৩ তারিখে মজুদ | বিতরণ (১৯-০২-২০২৩ খ্রি. হতে ১৮-০৩-২০২৩ খ্রি. পর্যন্ত) | ১৯-০৩-২০২৩ তারিখে মজুদ | উপকারভোগী (পরিবার সংখ্যা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ৪০০ বান্ডিল ১২,০০,০০০/- | ২৫৯ বান্ডিল ৭,৭৭,০০০/- | ৬৩ বান্ডিল ১,৮৯,০০০/- | ১৯৬ বান্ডিল ৫,৮৮,০০০/- | ৫৩ টি | অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তসহ দুঃস্থ, অসহায় ও প্রতিবন্ধি পরিবারের মাঝে বিতরণ |

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার ০২/০৬/২০২২ খ্রি. তারিখের-৫১.০১.০০০০.০১৬.০৭.০৭৫.২২-৩৬৭ নং স্মারকে প্রদত্ত কার্যাদেশে বর্ণিত Tender package No.DDM/DF/Northbengal/2021-2022/07 (Tender Id: 696138) এর বিপরীতে সরবরাহকারী প্রতিষ্ঠান এসিআই ফুডস লি:, এসিআই সেন্টার, ২৪৫ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা-কে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মজুদ হিসেবে শুকনা ও অন্যান্য খাবার কুড়িগ্রাম জেলা ত্রাণ গুদামে সংরক্ষণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে সরবরাহকারী প্রতিষ্ঠান এসিআই ফুডস লি:, এসিআই সেন্টার, ২৪৫ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা কর্তৃক সরবরাহকৃত দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মজুদ হিসেবে শুকনা ও অন্যান্য খাবার কুড়িগ্রাম জেলা ত্রাণ গুদামে সংরক্ষণ করা হয়। পরবর্তীতে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০১৬.২০.০৮১.২২-২৮৮ তারিখঃ ১৫/০৩/২০২৩ খ্রি. মোতাবেক মজুদকৃত শুকনা ও অন্যান্য খাবারের মধ্য হতে লালমনিরহাট জেলায় ২,৫০০ (দুই হাজার পাঁচশত) বস্তা/ব্যাগ এবং নীলফামারী জেলায় ২,৫০০ (দুই হাজার পাঁচশত) বস্তা/ব্যাগ বরাদ্দ প্রদান করে এ কার্যালয় হতে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার আলোকে বর্ণিত শুকনা ও অন্যান্য খাবার বস্তা/ব্যাগ লালমনিরহাট ও নীলফামারী জেলায় প্রেরণ করা হয়। অবশিষ্ট ৩০০০ বস্তা/ব্যাগের মধ্য হতে ২৪০০ বস্তা/ব্যাগ বিতরণের অনুমতি প্রদান করেছেন। যা পর্যায়ক্রমে এ কার্যালয় হতে বিতরণ করা হবে।

<u>বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলোঃ</u>

বরাদ্দকৃত ত্রাণ সামগ্রী প্রকৃত গরীব ও দুঃস্থ মানুষের মাঝে "মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-২০১৩" অনুসরণপূর্বক বিতরণ করে প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
ও
সভাপতি, জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
কুড়িগ্রাম।
ফোন- ০২৫৮৯৯৫০০২২ (অঃ)
ই-মেইল dckurigram@mopa.gov.bd

স্মারক নং- ৫১.০১.৪৯০০.০০০.০৬.০০১২.২৩- ৯৮২ তারিখঃ- ২৩/০৩/২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা ।

২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা ।

৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর ।

৫। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৬। পুলিশ সুপার, কুড়িগ্রাম।

৭। সিভিল সার্জন, কুড়িগ্রাম।

৮। মেয়র, কুড়িগ্রাম/নাগেশ্বরী/উলিপুর পৌরসভা, কুড়িগ্রাম।

৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),................................... কুড়িগ্রাম।

১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল),....................................... কুড়িগ্রাম।

১১। সহকারী কমিশনার, আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (তাকে বর্ণিত কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

১২। জেলা তথ্য অফিসার, কুড়িগ্রাম।

১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)............................কুড়িগ্রাম।

১৪। ................................................কুড়িগ্রাম।

১৫। অফিস নথি।

২৩.০৩.২০২৩

(মোঃ আব্দুল হাই সরকার)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ও
সদস্য সচিব
জেলা মানবিক সহায়তা কমিটি কুড়িগ্রাম।
ফোন নং- ০২৫৮৯৯৫০১৫৩
ই-মেইল drro.kurigram@gmail.com